



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH


সূত্র নং- এসইসি/মুখপত্র/২০১১/৪০২

তারিখঃ ২৬/০৬/২০১২ইং

## প্রেস বিজ্ঞপ্তি

৪৩৭ তম কমিশন সভা অদ্য ২৬/০৬/২০১২ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে :

- পুঁজিবাজারে দীর্ঘমেয়াদে স্থিতিশীলতা এবং বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন ২২/১১/২০১১ তারিখে এক প্রজ্ঞাপন নং- এসইসি/সিএমআরআরসিডি/২০০৯-১৯৩/১১৯/প্রশাসন/৩৪, তারিখঃ ২২ নভেম্বর ২০১১ইং এর মাধ্যমে তালিকাভুক্ত কোম্পানীসমূহের পরিচালকদের তাঁদের স্ব-স্ব কোম্পানীতে সম্মিলিতভাবে ৩০ শতাংশ এবং এককভাবে ২ শতাংশ শেয়ার ধারণ করার নির্দেশ প্রদান করে। উক্ত প্রজ্ঞাপনকে চ্যালেঞ্জ করে তালিকাভুক্ত কোম্পানীর কতিপয় পরিচালক হাইকোর্টে রীট পিটিশন দায়ের করেন। মহামান্য আদালত বিস্তারিত শুনানী শেষে গত ২১/০৫/২০১২ তারিখে রীটগুলো খারিজ করে দেন। ফলে কোম্পানীর উদ্যোক্তা পরিচালকদের শেয়ার ধারণ সংক্রান্ত কমিশনের নির্দেশনা বহাল রয়েছে। তাছাড়া কমিশনের সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ অর্ডিনেন্স, ১৯৬৯-এর ২সিসি ধারাকে চ্যালেঞ্জ করে কতিপয় পরিচালকের করা সকল রীট গত ২১/০৬/২০১২ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের আরেকটি বেঞ্চ খারিজ করে দিয়েছে। এই প্রেক্ষিতে বর্ণিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ
  - এই পর্যন্ত যারা ২% শেয়ার ধারণ সংক্রান্ত সময় বর্ধনের জন্য আবেদন করেছেন তাঁদের আবেদন কমিশন বিবেচনা করেনি।
  - তালিকাভুক্ত কোম্পানী সমূহকে কমিশন এই মর্মে পত্র প্রদান করবে যে, সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের উল্লেখিত নোটিফিকেশন পরিপালন করতে ব্যর্থ হওয়ার ফলে যে সকল পরিচালকের পদ শূন্য হয়েছে তাদের তালিকা কমিশনে আগামী ১৫/০৭/২০১২ইং তারিখের মধ্যে দাখিল করবেন।
  - স্টক এক্সচেঞ্জদ্বয় তালিকাভুক্ত কোম্পানী সমূহের পরিচালকদের শেয়ার ধারণ সংক্রান্ত বিস্তারিত তথ্য আগামী ১৫ জুলাই ২০১২ইং এর মধ্যে সংগ্রহ পূর্বক কমিশনে দাখিল করবে।
  - এছাড়া তালিকাভুক্ত কোম্পানীসমূহের বিষয়ে উল্লেখিত সিদ্ধান্তসমূহ পরিপালনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলি লিস্টেড কোম্পানীজ (BAPLC) কে একটি পত্র প্রদান করা হবে।
- ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য গঠিত বিশেষ স্কীম কমিটির সুপারিশ কমিশন অনুমোদন করেছে। উল্লেখ্য যে, সুপারিশে বর্ণিত প্রাথমিক গণ প্রস্তাবে (IPO) ক্ষুদ্র বিনিয়োগকারীদের জন্য ২০% কোটাসহ ঋন মওকুফ ও অন্যান্য বিষয় অবিলম্বে পরিপালনের জন্য মার্চেন্ট ব্যাংক, ব্রোকারেজ হাউজসহ সংশ্লিষ্ট কর্তৃকপক্ষকে নির্দেশ দেওয়ার সিদ্ধান্তগৃহীত হয়।
- কমিশন অদ্যকার সভায় Alliance S&P Shariah Index Fund নামে একটি বে-মেয়াদী মিউচুয়াল ফান্ড এর ট্রাস্ট ডীড অনুমোদন করেছে। এই মিউচুয়াল ফান্ডের অভিহিত মূল্য ১০ টাকা এবং ফান্ড সাইজ ১০ কোটি। Alliance Capital Asset Management Limited আলোচ্য ফান্ড এর উদ্যোক্তা ও সম্পদ ব্যবস্থাপক। ট্রাস্টিঃ বাংলাদেশ জেনারেল ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ এবং কাস্টডিয়ানঃ ব্রাক ব্যাংক লিঃ।
- মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন (BMBA) এর মার্জিন ঋন সংক্রান্ত সুপারিশের প্রেক্ষিতে কমিশন অদ্যকার সভায় মিসেস রুফসানা চৌধুরী, নির্বাহী পরিচালককে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট রিভিউ কমিটি গঠন করেছে।
- Nipro JMI Pharma Limited কে ১,৭০,৫৬,৫০০ টি সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে টাঃ ১৭০,৫৬,৫০,০০০/- মূলধন উত্তোলনের অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখ্য, কোম্পানীর বর্তমান শেয়ার হোল্ডারগণ এবং ব্যক্তি/প্রতিষ্ঠান এই শেয়ার ক্রয় করতে পারবে। কোম্পানীর ৫১% জাপানী মালিকানা এবং ৪৯% হতে বাংলাদেশী মালিকানা রয়েছে।

  
মোঃ সাইফুর রহমান  
নির্বাহী পরিচালক ও মুখপাত্র